



গণযোগাযোগ ও
সাংবাদিকতা বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়



ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা প্রশিক্ষণ (খুলনা ও বরিশাল বিভাগ)

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) যৌথভাবে দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করেছে। পর্যায়ক্রমে দেশের সবক'টি বিভাগে এই কর্মসূচির আয়োজন করা হচ্ছে। এ পর্যায়ে খুলনা ও বরিশাল বিভাগে কর্মরত প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার অগ্রহী সাংবাদিকদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। অনুসন্ধানী সাংবাদিকতায় পেশাদারী উৎকর্ষ সাধন ও দুর্নীতি বিষয়ে গণমাধ্যম কর্মীদের প্রতিবেদন রচনায় উৎসাহিত করা এবং দক্ষতা বাড়ানোর লক্ষে আয়োজিত এই প্রশিক্ষণ কর্মসূচিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও সংশ্লিষ্ট বিশেষজ্ঞগণ প্রশিক্ষণ প্রদান করবেন।

প্রার্থীর যোগ্যতা:

১. প্রিন্ট অথবা ইলেক্ট্রনিক মিডিয়ায় কর্মরত সাংবাদিক
২. সাংবাদিক হিসেবে ন্যূনতম তিন বছরের অভিজ্ঞতা
৩. দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী প্রতিবেদন রচনায় অভিজ্ঞ ও নারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে
৪. স্নাতক বা তদুর্ধ্ব ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে
৫. সর্বোচ্চ বয়সসীমা ৪০ (১০ জুলাই ২০১০ পর্যন্ত)

আবেদনের নিয়মাবলী:

১. পাসপোর্ট সাইজ ছবিসহ এক কপি জীবন বৃত্তান্ত (অনধিক ২ পৃষ্ঠা)
২. অংশগ্রহণে কেন ইচ্ছুক এ বিষয়ে সংক্ষিপ্ত বর্ণনাসহ একটি আবেদনপত্র
৩. নিয়োগকারী কর্তৃপক্ষের সম্মতিপত্র
৪. আবেদনকারীর প্রকাশিত অথবা প্রচারিত একটি অনুসন্ধানী প্রতিবেদনের কপি

নির্বাচিত প্রার্থীদের নিরবচ্ছিন্নভাবে চারদিন আবাসিক প্রশিক্ষণের জন্য প্রস্তুত থাকতে হবে। থাকা ও খাওয়ানাসহ প্রশিক্ষণের সকল ব্যয় আয়োজক কর্তৃপক্ষ বহন করবে। এছাড়া যাতায়াত ও সংশ্লিষ্ট ব্যয় বাবদ প্রশিক্ষণার্থীদের জনপ্রতি তিন হাজার টাকা দেওয়া হবে। আয়োজক কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত নির্বাচকমন্ডলী আবেদনকারীদের মধ্য থেকে প্রশিক্ষণের জন্য উপযুক্ত প্রার্থী নির্বাচন করবেন। এক্ষেত্রে তাঁদের সিদ্ধান্তই চূড়ান্ত। প্রার্থী নির্বাচনে কর্তৃপক্ষকে প্রভাবিত করার চেষ্টা অযোগ্যতা বলে বিবেচিত হবে। নির্বাচিত প্রার্থীদের প্রশিক্ষণের সময় এবং স্থান সম্পর্কে যথাসময়ে জানানো হবে।

আবেদনের শেষ তারিখ ১০ জুলাই ২০১০

যোগাযোগ:

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ, আউটরিচ এন্ড কমিউনিকেশন বিভাগ
বাড়ী ১৪১ (২য় তলা), সড়ক ১২, ব্লক-ই, বনানী, ঢাকা ১২১৩
ফোন: ৯৮৮ ৭৮৮৪, ৮৮-২৬০৩৬ ই-মেইল : advocacy@ti-bangladesh.org
ওয়েবসাইট: www.ti-bangladesh.org



3 Col X 7 Inch